দৈনিক বাংলা

তারিখ 21 MAR 1984
পৃষ্ঠা 7 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

09

# শিক্ষার জন্য চাই আত্মজাগরণ : মওদুদ

(ভ্রাম্যমাণ প্রতিনিধি)

বরিশাল ২১শে মার্চ—প্রধানমন্ত্রী মওদুদ আহমদ শিক্ষা ক্ষেত্রে আত্মজাগরণ সৃষ্টির জন্য দলমত-নির্বিশেষে সকল শিক্ষকের প্রতি আবেদন জানিয়েছেন। প্রধানমন্ত্রী সোমবার সন্ধ্যায় সার্কিট হাউসে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিদের সঙ্গে এক সমাবেশে এই আহ্বান জানান।

জনাব মওদুদ আহমদ পরীক্ষা পদ্ধতির সার্বিক পর্যালোচনা, সেশন জট নিরসন ও শিক্ষার হার বাড়ানোর জন্য গভীর চিন্তা-ভাবনা করার উপর গুরুত্ব আরোপ করেন।

সমাবেশে অন্যান্যের মধ্যে সাবেক মন্ত্রী মতিউর রহমান, জেলা পরিষদ চেয়ারম্যান আবদুল বারেকসহ এলাকার সংসদ সদস্যগণ উপস্থিত ছিলেন। সমাবেশে এর আগে বিশ্ববিদ্যালয় সিনেট সদস্য অধ্যাপক নরুল ইসলাম ও শিক্ষক সমিতি ফেডারেশনের জেলা কমিটির সভাপতি নরুল হক খন্দকার বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রী মওদুদ আহমদ পরীক্ষা পদ্ধতি সেশন জট ও শিক্ষার হার হ্রাসের কথা উল্লেখ করে বলেন, আমাদের দেশে বিদ্যমান আমলাতান্ত্রিক অবকাঠামো ও গতানুগতিক পদ্ধতিতে শিক্ষার হার বাড়ানো সম্ভব নয়। এর থেকে পরিত্রাণ পেতে হলে আমাদের আনুষ্ঠানিক ব্যবস্থার সঙ্গে সঙ্গে অনানুষ্ঠানিক ব্যবস্থাও গড়ে তুলতে হবে।